

যোহনের দ্বিতীয় পত্র

সেই প্রাচীন এই চিঠি ঈশ্বরের মনোনীতা মহিলা ও তার সন্তানদের কাছে লিখেছে। আমি তোমাদের সকলকে সত্যে ভালবাসি। কেবল আমি নই, যারা সত্য কি তা জানে তারাও তোমাদের ভালবাসে। ২সেই সত্য আমাদের অন্তরে আছে বলেই আমরা তোমাদের ভালবাসি। সেই সত্য আমাদের সঙ্গে চিরকাল থাকবে।

৩পিতা ঈশ্বর ও তাঁর পুত্র যীশু খ্রীষ্টের কাছ থেকে অনুগ্রহ, দয়া ও শান্তি আমাদের সঙ্গে থাকবে। সত্য ও ভালবাসার মধ্য দিয়ে আমরা এই আশীর্বাদের অধিকারী হয়েছি।

৪তোমার সন্তানদের মধ্যে কেউ কেউ সত্য পথে চলছে ও পিতা আমাদের যেমন আদেশ করেছেন সেই অনুসারে জীবনযাপন করছে দেখে আমি অত্যন্ত আনন্দিত হয়েছি। ৫প্রিয় ভদ্রমহিলা, তোমার কাছে আমার অনুরোধ—আমরা যেন একে অপরকে ভালবাসি। এটা কোন নতুন আদেশ নয়। এই আদেশ তো আমরা শুরু থেকেই শুনে আসছি। ৬এবং এই ভালবাসার অর্থ হল, ঈশ্বর যেমন আদেশ করেছেন সেইরকমভাবে জীবনযাপন করা। ঈশ্বরের আদেশ হল—তোমরা ভালবাসায় ভরা জীবনযাপন কর। ৭এই জগতে অনেক ভণ্ড শিক্ষক বের হয়েছে। যীশু খ্রীষ্ট যে মানব দেহে

আত্মপ্রকাশ করেছিলেন একথা তারা স্বীকার করে না। যে এইরকম করে, সে শিক্ষক হিসেবে ঠগ ও খ্রীষ্টারি। ৮তোমরা নিজেদের সম্পর্কে সাবধান হও! যাতে যে পুরস্কারের জন্য তোমরা কাজ করেছ তা থেকে তোমরা বঞ্চিত না হও। সতর্ক থেকে যেন পুরো পুরস্কারটাই পেতে পারো।

৯কেবল খ্রীষ্টের শিক্ষারই অনুসরণ করা উচিত, যদি কেউ খ্রীষ্টের শিক্ষাকে পরিবর্তিত করে তবে সে ঈশ্বরকে পায় না; কিন্তু যে কেউ সেই শিক্ষানুসারে চলে সে পিতা ও পুত্র উভয়কেই পায়।

১০যদি কেউ যীশুর বিষয়ে এই সত্য শিক্ষা না নিয়ে তোমাদের কাছে শিক্ষা দিতে আসে, তবে তাকে বাড়িতে গ্রহণ কোর না, কোন রকম শুভেচ্ছাও তাকে জানিও না, ১১কারণ যে তাকে শুভেচ্ছা জানায় সে তার দুষ্কর্মের ভাগী হয়। ১২যদিও তোমাদের কাছে লেখার অনেক বিষয়ই আমার ছিল, কিন্তু আমি কলম ও কালি ব্যবহার করতে চাই না। আমি আশা করছি তোমাদের কাছে যাব তাহলে আমরা একসাথে হয়ে অনেক কথা বলতে পারব, যেন আমাদের আনন্দ সম্পূর্ণ হয়। ১৩ঈশ্বরের মনোনীতা তোমার বোনের* সন্তানেরা তোমাকে শুভেচ্ছা জানাচ্ছে।

বোনের এখানে বোন' কথাটির অর্থ স্থানীয় মণ্ডলী, যেখান থেকে যোহন এই পত্র লিখছেন; আর সন্তান সন্ততি বলতে এখানে ঐ মণ্ডলীর সদস্যদের বোঝানো হচ্ছে যারা নিজেদের শুভেচ্ছা জানাচ্ছেন।